

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.২৯৬.১৬/১২৬৬

তারিখ : ২৭/০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : বিনানুমতিতে বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন ও ইনক্রিমেন্ট গ্রহন প্রসঙ্গে।  
সূত্র : টিএসসি/মানিক/গোপনীয়/২০১৬-১৯২৪ তারিখ : ০২/০৫/২০১৬ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (ইলেক) জনাব জাহিদুল হক যথাযথ কর্তৃপক্ষের বিনানুমতিতে ০৪(চার) বছর মেয়াদী বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (ইইই) ডিগ্রী অর্জন করেন। অর্জিত বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীর বদৌলতে তিনি মে, ২০১৪ খ্রিঃ তারিখ হতে বকেয়াসহ একটি ইনক্রিমেন্ট সুবিধা গ্রহন করেন এবং এর ধারাবাহিকতায় ১৭/০১/২০১৬ খ্রিঃ তারিখে পেস্কেল-২০১৫-তে বেতন নির্ধারণ করেন।

২। তিনি উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সরকারের অনুমতি নিয়েছিলেন কিনা তা স্পষ্ট নয়।

৩। জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১২(১) (ক) ধারা অনুসরণ না করে কোন বিধি বিধানের প্রেক্ষিতে বকেয়াসহ ইনক্রিমেন্ট সুবিধা ও বেতন নির্ধারণ করেন তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।

প্রাপক : জনাব জাহিদুল হক  
চীফ ইন্সট্রাক্টর (ইলেক)  
টেকনিক্যাল স্কুল ও কলেজ  
মানিকগঞ্জ।

(মোঃ মিজানুর রহমান)  
২৭/০৯/২০১৬  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ। (উক্ত বিষয়ে আপনি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে কি কি পদক্ষেপ গ্রহন করেছেন, তা পত্র প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।